দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

21

তারিখ 03 AUG 1989
পৃষ্ঠা 1 কলাম 5

# রমনা রেলওয়ে হাই স্কুলের অনশনরত ৪ ছাত্র শিক্ষক অসুস্থ

(স্টাফ রিপোর্টার)

জাতীয় প্রেসক্লাবের সামনে অনশনরত রমনা রেলওয়ে হাইস্কুলের ২৯ জন ছাত্র-শিক্ষকের মধ্যে গত-

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## রমনা রেলওয়ে

(১-এর পৃঃ পর)

কাল দু'জন ছাত্র ও দু'জন শিক্ষক অসুস্থ হয়ে পড়েছেন। অসুস্থ দু'জন ছাত্রকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়েছে।

স্কুল উচ্ছেদের চূড়ান্ত নোটিশ জারির প্রতিবাদে মঙ্গলবার থেকে ছাত্র-শিক্ষকরা অনশন শুরু করেন। স্কুলের বাকী ছাত্রছাত্রীরা উদয়াস্ত প্রতিদিন প্রতীক অনশন পালন করছে।

গতকাল বিভিন্ন সংগঠন রমনা স্কুল ছাত্র-শিক্ষকদের কর্মসূচীর প্রতি সমর্থন জানান। এসব সংগঠনের নেতৃবৃন্দ অনশনরত ছাত্র-শিক্ষকদের প্যান্ডেলে গিয়ে তাদের প্রতি একাত্মতা প্রকাশ করেন।

বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির সভাপতি ব্যারিস্টার ইশতিয়াক আহমেদ ও সম্পাদক এম এ ওয়াহাব এক বিবৃতিতে স্কুল উচ্ছেদের এ সিদ্ধান্তকে অযৌক্তিক আখ্যায়িত করে এ সিদ্ধান্ত বাতিলের দাবী জানান।

বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি কামরুজ্জামান ও সম্পাদক হেনা দাস বাংলাদেশের কম্যুনিস্ট পার্টি, ছাত্র সংগ্রাম পরিষদ, জাতীয় ছাত্রলীগ, বিএনপি (ওবায়েদ), নগর আওয়ামী লীগ প্রমুখ সংগঠন পৃথক পৃথক বিবৃতিতে অবিলম্বে স্কুল উচ্ছেদের সরকারী সিদ্ধান্ত বাতিলের দাবী জানান।